


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী,  
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।

নং-এবিব্যু/সপ-২/মপক/১৮০/২০০২-২৯৫

তারিখ : ২৪ জানুয়ারি, ২০১২

সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এনজিও কার্যক্রমের সুষ্ঠু সমন্বয় ও পরিবীক্ষণ এবং গতিশীলতা আনয়নের লক্ষ্যে “ The Foreign Donation (Voluntary Activities) Regulation Ordinance, 1978 (XLVI of 1978) “ এর সংশোধন এবং এর সাথে “ The Foreign Contributions (Regulation) Ordinance, 1982 (XXXI of 1982)” একীভূত করে বাংলায় ‘বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবী কার্যক্রম) রেগুলেশন আইন-২০১১“ এর প্রাথমিক খসড়া প্রস্তুত করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনামতে বিভিন্ন পর্যায়ের জনমত সংগ্রহের লক্ষ্যে উক্ত খসড়া আইনটি এনজিও বিষয়ক ব্যুরোর ওয়েবসাইটে প্রদর্শন করা হল। খসড়া আইনের বিষয়ে আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে মতামত এর হার্ড কপি মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো বরাবর এবং সফট কপি info@ngoab.gov.bd ই-মেইলে প্রেরণের অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, পরবর্তীতে সংগৃহীত মতামতসমূহ যাচাই-বাছাই করে খসড়া আইনটিতে সংকলিত করা হবে। এরপর এ বিষয়ে একটি ওয়ার্কশপ অথবা কনসালটেশন সভা আহ্বান করা হবে, যাতে এনজিও প্রতিনিধিসহ অন্যান্যরাও অংশগ্রহণ করতে পারবেন। উক্ত সভার সিদ্ধান্তসমূহ যাচাই-বাছাইপূর্বক আইনটি চূড়ান্তকরণের পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

  
(এস এম আশরাফুজ্জামান)  
পরিচালক(নিবঃ)  
ফোন : ৯৫৬২৮৪৫